

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪১৬

১৪/ দিয়াত বা রক্তপণ (ﷺ ১৪/ দিয়াত বা রক্তপণ (১৮) পরিচ্ছেদঃ ২০. কিসাস প্রসঙ্গে

باب مَا جَاءَ فِي الْقِصاصِ

আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ خَشْرَمٍ، أَنْبَأَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنْ شُعْبَةَ، عَنْ قَتَادَةَ، قَالَ سَمِعْتُ زُرَارَةَ بْنَ أَوْفَى، يُحَدِّثُ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، أَنَّ رَجُلاً، عَضَّ يَدَ رَجُل فَنَزَعَ يَدَهُ فَوَقَعَتْ بْنَ أَوْفَى، يُحَدِّثُ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، أَنَّ رَجُلاً، عَضَّ يَدَ رَجُل فَنَزَعَ يَدَهُ فَوَقَعَتْ تَنِيَّتَاهُ فَاخْتَصَمُوا إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ " يَعَضَّ أَحَدُكُمْ أَخَاهُ كَمَا يَعَضَّ تَنِيَّتَاهُ فَاخْتَصَمُوا إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ " يَعَضَّ أَحَدُكُمْ أَخَاهُ كَمَا يَعَضَّ الْفَحْلُ لاَ دِيَةَ لَكَ " . فَأَنْزَلَ اللَّهُ (وَالْجُرُوحَ قِصَاصٌ) . قَالَ وَفِي الْبَابِ عَنْ يَعْلَى بْنِ أَمَيَّةَ وَهُمَا أَخُوانِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ حَدِيثٌ حَسَنُ وَسَلَمَةَ بْنِ أَمَيَّةَ وَهُمَا أَخُوانِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ حَدِيثٌ حَسَنُ صَحِيحٌ .

বাংলা

১৪১৬। ইমরান ইবনু হুসাইন (রাঃ) হতে বর্ণিত আছে, একজন লোক তার দাঁত দিয়ে অন্য একজনের হাত কামড়ে ধরে। ঐ লোক তার হাতকে টেনে ছাড়িয়ে নেওয়ার ফলে প্রথম লোকটির সামনের দু'টি দাত উপড়ে যায়। তারা দু'জনেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট অভিযোগ উত্থাপন করলে তিনি বললেনঃ তোমাদের কোন লোক কি উটের মত দাত দিয়ে তার ভাইকে কামড় দেয়? তোমার কোন দিয়াত প্রাপ্য নেই। অনন্তর মহান আল্লাহ তা'আলা এ আয়াত অবতীর্ণ করেনঃ "জখমের জন্যও রয়েছে কিসাস" (স্রাঃ মাইদা— ৪৫)।

সহীহ, নাসা-ঈ

ইয়ালা ইবনু উমাইয়া ও সালামা ইবনু উমাইয়া (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। তারা দু'জন সহোদর ভাই। ইমরান ইবনু হুসাইন (রাঃ) হতে বর্ণিত হাদীসটিকে আবৃ ঈসা হাসান সহীহ বলেছেন।

English

Narrated 'Imran bin Husain:

"A man bit the hand of another man. The man who was bitten pulled his



hand out, causing two of his incisors (teeth) to fall out. They brought their case of the Prophet (ﷺ). So he said: "One of you bites his brother like the stallion bites? There is no blood-money for you.' So Allah Most High revealed: Wounds, equal for equal."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন